

ছাত্র সংগঠন

ছাত্র সংগঠন

17 MAY 2003

তারিখ: 16 MAY 2003
সংখ্যা: ১

চ.বিতে বর্ধিত বেতন ফি প্রত্যাহারে ৭ দিনের আলটিমেটাম

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্ধিত বেতন ফি প্রত্যাহারের দাবিতে আন্দোলনরত ছাত্র সংগঠনগুলো চূড়ান্ত কর্মসূচি ঘোষণা করতে যাচ্ছে। ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্টসহ বিভিন্ন সংগঠন পূর্ণত কর্মসূচির মাধ্যমে গত বুধবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সাত দিনের আলটিমেটাম দিয়েছে। এর মধ্যে এই সিদ্ধান্ত প্রত্যাহার করা না হলে সর্বাঙ্গিক ধর্মঘট পালনের হুমকি দিয়েছে।

প্রশাসন। নেতৃত্ব আনামী ২০ মের মধ্যে এই সিদ্ধান্ত প্রত্যাহার করা না হলে সর্বাঙ্গিক ধর্মঘটের হুমকি দেন।
ছাত্রফ্রন্ট চ.বি সভাপতি মঞ্জুরুল হক মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে, বক্তব্য রাখেন ছাত্রফ্রন্ট নেতা মেহেদী হাসান তমাল, ছাত্র ইউনিয়ন নেতা রীপায়ন বড়ুয়া, দেব প্রসাদ দেবু, ছাত্র ফেডারেশন নেতা হেলাল উদ্দিন, অনিচ আহমেদ তও, পপি চাকমা, বৈপায়ন রনি, নুমান ভৌমিক, প্রণবেশ চক্রবর্তী, নিপুণ, কামরুল, কাওছার আহমেদ প্রমুখ।

সরকারের উচ্চ শিক্ষা সংকোচন নীতি বাস্তবায়ন করতে গিয়ে শিক্ষা ব্যাজেট কমিয়ে দেয়ার বিশ্ববিদ্যালয়গুলো চরম ব্যাজেট খাটতিতে পড়ে গেছে। যে কারণে বিশ্ববিদ্যালয়গুলো ছাত্রছাত্রীদের বেতন ও অন্যান্য ফি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। এ ছাড়া বিভাগভিত্তিক খেলাধুলি খুতো কোনো রকম রসিদ দেওয়া ছাড়া ফি আদায় করা হয় বলে অভিযোগ রয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠন গত কদিন ধরে বর্ধিত বেতন ফি প্রত্যাহারের দাবিতে আন্দোলন চালিয়ে আসছে। বুধবারও তারা কর্মসূচি পালন করে।

ছাত্রলীগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক কাজী মাজহারুল ইসলাম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে ধলা হয়, আনামী সাত দিনের মধ্যে বর্ধিত বেতন ফির সিদ্ধান্ত প্রত্যাহার করা না হলে দুর্বীর ছাত্র আন্দোলনের মাধ্যমে সমস্ত প্রশাসনিক কার্যক্রম বন্ধ করে দেয়া হবে। শিক্ষা খাবস্বতকে বন্ধ করে দেয়ার জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই সিদ্ধান্ত নিয়েছে বলে ছাত্রলীগ নেতৃত্ব অভিযোগ করেন।

চলমান আন্দোলনের অংশ হিসেবে প্রগতিশীল ছাত্র জোট বিজ্ঞান, কলা, সমাজবিজ্ঞান ও বাণিজ্য অনুষদের ডিন কার্যালয় ঘেরাও করে। কর্মসূচি চলাকালে আয়োজিত সমাবেশে বক্তারা বলেন, বিভাগভিত্তিক ফি আদায়ের মাধ্যমে শিক্ষকদেরকে ছাত্র সমাজের মুখোমুখি দাঁড় করিয়ে ছাত্র-শিক্ষক সম্পর্কে কস্মিত করার চক্রান্ত করছে বিশ্ববিদ্যালয়